গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ
https://nilgc.eshiksabd.com, www.ngc.edu.bd

বিজ্ঞপ্তি নং- নীঃসঃকঃ ০৬০/ ২০২৪ তারিখঃ ২৮/০২/২০২৪ খ্রি.

২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময় সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো:

১। **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম পূরণ,ডাউনলোড ও প্রিন্ট করার তারিখঃ ০৩/০৩/২০২৪** থেকে **২১/০৩/২০২৪ খ্রি.**

২। **আবেদন ফরম পূরণ ও যাবতীয় ফি কলেজে জমাদানের তারিখ (নিয়মিত): ১৮/০৩/২০২৪** থেকে **২১/০৩/২০২৪ খ্রি.**

(অনিয়মিত ও মান উন্নয়ন): ২৪/০৩/২০২৪ খ্রি.

(আবেদন ফরম ও পে-স্লিপ কলেজে জমাদানের সময়ঃ সকাল ১০.০০টা হতে বেলা ১.০০টা পর্যন্ত)

৩। **ফরম পূরণের নির্ধারিত ফিঃ**

ক) ২য় বর্ষ (৭০০নম্বর) নিয়মিত/ অনিয়মিত/ প্রাইভেট : ৮০০/-
খ) সার্টিফিকেট কোর্স : ৩০০/-
গ) মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন/ অনিয়মিত বিশেষ অন্তর্ভূক্তি ফি : ৩০০/-
ঘ) Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণে জন্য নির্ধারিত ফি —এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি : ১০০০/-
ঙ) মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন/ অনিয়মিত প্রতি পত্র ফি : ১০০/- হিসেবে
চ) ইন-কোর্স পরীক্ষা ফি (সকল ক্যাটাগরির) : ৫৬০/-
ছ) কেন্দ্র ফি : ৪৫০/-
জ) ব্যবস্থাপনা ফি : ৫০/-
ঝ) পরিবহন ফি : ৫০/-
ঝ) নির্বাচনী পরীক্ষা ফি (শুধুমাত্র নিয়মিত শিক্ষার্থী) : ৪৯০/-

সেশন ফি

ধর্মীয় অনুষ্ঠান ফি	:	৩০/-
সাহিত্য সংস্কৃতি ফি	:	৫০/-
বহিঃ ক্রীড়া ফি	:	৫০/-
আভ্যঃ ক্রীড়া ফি	:	৪০/-
ম্যাগাজিন	:	৩০/-
রোভার স্কাউটস ফি (কলেজ-২১ জেলা-৫)	:	২৬/-
বি.এন.সি.সি কলেজ ফি	:	৪০/-
রেড ক্রিসেন্ট কলেজ ফি	:	২৪/-
উন্নয়ন তহবিল ফি	:	২০০/-
লাইব্রেরী ফি	:	২৫/-
অধিভূক্তি ফি	:	২০/-
দরিদ্র তহবিল ফি	:	২০/-
চিকিৎসা ফি	:	২০/-
নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় ফি	:	৬৫০/-
বিজ্ঞান ক্লাব ফি	:	২০/-
বিবিধ ফি (প্রতি পরীক্ষার্থী)	:	১০০/-
মসজিদ (মুসলমান ছাত্র/ছাত্রীর) ফি	:	৫০/-
সরস্বতী পূজা (হিন্দু শিক্ষার্থীদের ফি ৫০/-)		
আই.সি.টি ফি	:	২০/-
মোট	:	১,৪১৫/-
বেতন ও জরিমানা (১বছরের)	:	৩২৫/-
মোট ফি	:	**১,৭৪০/-**

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর):

i) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২১ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টি: কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিক পত্রসহ নৈর্বাচনিক বিষয় গুলোর ৩য় ও ৪র্থ পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয় ।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর):

i) ২০১৯-২০২০, ২০১৮-২০১৯,২০১৭-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০১৯, ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ Promoted হয়েছে কিন্তু ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সেসকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৯-২০, ২০১৮-১৯,২০১৭-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০১৯, ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রী পাস ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সেসকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই অংশগ্রহণ করবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয় ।

গ) অকৃতকায ও মানোন্নয়ন:

i) ২০১৯-২০, ২০১৮-১৯, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী এবং ২০২০, ২০১৯ ও ২০১৮সালের প্রাইভেট রেজি: কৃত যেসকল শিক্ষার্থী যারা ২০২১, ২০২০, ২০১৯ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে F গ্রেড পেয়েছে তারা শেষবারের মত এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) যেসকল শিক্ষার্থী ২০২১ সালে ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/ কোর্সে C গ্রেড ও D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দু'টি কোর্সে/ পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর):

i) ২০২১, ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের সার্টিফিকেট কোর্সে রেজি:কৃত শিক্ষার্থীগণ যারা ২০২১, ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল পরীক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। **আবেদন ফরম ও ফি জমার পদ্ধতি (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ গিয়ে Apply to Online Form Fill-up (For Students) Link এ ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদনফরম'প্রিন্ট করতে হবে (ফরমে বিষয় কোড উল্লেখ থাকবে)।

খ) নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফি জমার পদ্ধতিঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করার পর পরীক্ষার্থীরা সরাসরি bKash এ Registration No দিয়ে ফরম পূরণের নির্ধারিত টাকা পরিশোধ করবে।
bKash এ Pin দিয়ে Login করে আরো দেখুন ট্যাপ করে Education Fee এ গিয়ে প্রতিষ্ঠানের নাম বা ধরণ দিন এ Nilphamari Govt. College টাইপ করে বিল সময়সীমা March 2024 সিলেক্ট করতে হবে। অতঃপর স্টুডেন্ট আইডি বক্সে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নির্ধারিত ফি পরিশোধ করলে শিক্ষার্থীর মোবাইল নম্বরে ফরম পূরণের SMS যাবে। এরপর শিক্ষার্থীকে https://nilgc.eshiksabd.com এ Login করে Form Fillup Reprint এ ক্লিক করে Registration No দিয়ে পূরণকৃত ফরম ডাউনলোড করে প্রিন্ট করে টাকা জমার রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে জমা প্রদান করতে হবে।

গ) **মানোন্নয়ন ফরম পূরণ প্রক্রিয়াঃ** https://nilgc.eshiksabd.com এ User Name: nilgcstudent ও Password: nilgcstudent দিয়ে সফটওয়ার এ Login করার পর Improvement Form Fillup এ ক্লিক করে অতঃপর Select Group থেকে Honours সিলেক্ট করে, Select Department থেকে যে বিভাগে ফরম পূরণ করতে চায় তা সিলেক্ট করে Registration দিয়ে Check for Form Fillup এ ক্লিক করতে হবে। এরপর জাতীয় বিশ্বঃ ওয়েবসাইটে যত বিষয়ের মানোন্নয়ন ফরম পূরণ করেছে, এখানেও ততটি বিষয় সিলেক্ট করে তথ্য পূরণ করে Save এ ক্লিক করার পর টাকার পরিমানসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে। শিক্ষার্থীরা bKash এর মাধ্যমে উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ পূর্বক Form Fillup Reprint মাধ্যমে ডাউনলোডকৃত ফরম প্রিন্ট করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা প্রদান করতে হবে।

ঘ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

প্রতিস্বাক্ষর

০৩/০৩/২৪

(প্রফেসর মোহাম্মদ মাহবুবুর রহমান ভুঁইয়া)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

(প্রফেসর মোহাম্মদ মাহবুবুর রহমান ভুঁইয়া)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

০৩/০৩/২৪

(মোঃ আব্দুর রাজ্জাক)
আহবায়ক
ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষা- ২০২২ ফরম পূরণ কমিটি/২০২৩-২৪
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।

৩।হিসাবরক্ষক/ ক্যাশিয়ার, অত্র কলেজ।

৪। নোটিশ বোর্ড, অত্র কলেজ।